

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৭১.১৩.৭৩৮

তারিখঃ ০৫/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : ৩৭.০৩.৭৭০০.০০০.০১.০০১.১৬-১৭.৭১২, তারিখ: ২২/৯/২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- পিপিআর-২০০৮ এ বিদ্যমান "Annual Procurement Plan" এর ছক ক্রয় প্রক্রিয়াকরণের তারিখসহ যথাযথভাবে পূরণ করা হয়নি।
- কিছু কিছু বইয়ের তালিকায় লেখক/প্রকাশক এর নাম নেই।
- ৪৮০০-সরবরাহ ও সেবা উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৪৮৫২- উপধাতে রাসায়নিক দ্রব্যাদি ক্রয়ের প্রস্তাব না করে কাঁচামাল/সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- টিওএন্ডইভুজ মোটর যানবাহন না থাকা সত্ত্বেও ৪৮২৩ পেট্রোল ও লুব্রিকেন্ট এবং ৪৯০১-মোটর যানবাহন মেরামত উপধাতের যন্ত্রপাতির তালিকা তৈরি করে অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপধাতের আওতায় সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- একই ধরনের মালামাল/যন্ত্রপাতি একাধিক উপধাতের অধীনে ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- বরাদ্দকৃত বাজেটের আওতায় মালামাল/যন্ত্রপাতির তালিকা প্রস্তুত না করে মাত্রাতিরিক্ত পরিমাণে তালিকা প্রস্তুত করা হয়েছে।

২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' (APP) প্রণয়ন করে অধিদপ্তরে প্রেরণের জন্য অত্র অধিদপ্তরের স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.২০.০০১.১৬-৬৪৭(৮৭), তারিখ : ১৭/৭/২০১৬ খ্রিঃ মূলে পূরণকৃত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' এর নমুনা ছক সম্বলিত পত্র প্রেরণ করা হয়।

তাছাড়া, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন ক্রয় প্রক্রিয়াকরণের তারিখসহ 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' প্রস্তুত না করে; এবং উপরে বর্ণিত দফা খ) হতে জ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ত্রুটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোন/ ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ
পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ
পঞ্চগড়।

অনুলিপি :

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।